গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৪.০১.২০২১খ্রি.

# ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

**প্রথম ধাপ:**

**অনলাইনে আবেদন:** ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ প্রবেশ করে Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনের মাধ্যমে আগামী **২৬.০১.২০২১ খ্রি. থেকে ০৬.০২.২০২১ খ্রি.** পর্যন্ত অনলাইনে আবেদন ফরম পূরণ করে আবেদন ফরমটি ডাউনলোড করে (A4 সাইজের কাগজে) প্রিন্ট নিতে হবে। প্রিন্ট নিয়ে নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর পূর্বক মুরারিচাঁদ কলেজ, সিলেট এ "শিওরক্যাশ" এর মাধ্যমে নির্ধারিত ফি আগামী **২৭.০১.২০২১ খ্রি. থেকে ০৬.০২.২০২১ খ্রি.** পর্যন্ত জমা দিয়ে কলেজ ওয়েবসাইটে আবেদন ফরম প্রয়োজনী কাগজপত্রসহ আপলোড করতে হবে।

**দ্বিতীয় ধাপ:**

**ফি ও আবেদন ফরম জমাদান:** শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা আবেদন ফরমটি নির্ধারিত ফি বাবদ (ইনকোর্স ও ব্যবস্থাপনা ফিসহ) (৩০০+৮০০+২০০+৫০)=১৩৫০/- (এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা শিওরক্যাশ এর মাধ্যমে এজেন্ট এর নিকট বা নিজস্ব শিওরক্যাশ এর একাউন্ট থেকে টাকা পরিশোধ করতে হবে। শিওরক্যাশ এর **Payment key word-mccmo** এর মাধমে টাকা পরিশোধের পর শিওরক্যাশ এর ট্রানজেকশন নম্বর, পিন নম্বর ও সচল মোবাইল নম্বর ফরমের উপর ও নীচের অংশে স্পষ্ট করে লিখে **আবেদন ফরম, স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গিকারনামা** মুরারিচাঁদ কলেজ, সিলেট এর নির্ধারিত ওয়েবসাইটে আপলোড করতে হবে।

**আপলোড করার পদ্ধতি:** কলেজ ওয়েবসাইট (www.mccollege.edu.bd) Online Masters Priliminary (Private) Registration 2018-2019 অপশনে ক্লিক করে Start Online Registration এ গিয়ে শিওরক্যাশ এর RB নম্বর ও ভর্তির রোল নম্বর লিখে Submit button- এ ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে সঠিকভাবে ভর্তি ফরমের পিন নম্বর, ভর্তির রোল নম্বর, সচল মোবাইল নম্বর লিখে **পূরণকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম, স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ড, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গিকারনামা** স্ক্যান করে আপলোড করতে হবে। আগামী **২৭.০১.২০২১ খ্রি. থেকে ০৬.০২.২০২১ খ্রি.** পর্যন্ত রাত ১২.০০ টার মধ্যে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন ফরমটি ওয়েবসাইটে আপলোড করা যাবে না।

১। আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলী:

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামেরেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পরীক্ষায় ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।
ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল করে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ক্রমে আবেদন করতে পারবে।

২। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নিবার্চন:
ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি

খ) আসন সংখ্যা: প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

গ) দ্বৈত ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

| | |
|---|---|
| **শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আবেদনের তারিখ:** | **২৬.০১.২০২১ থেকে ০৬.০২.২০২১ পর্যন্ত** |
| **"শিওরক্যাশ" এর মাধ্যমে টাকা জমাদানের তারিখ:** | **২৭.০১.২০২১ থেকে ০৬.০২.২০২১ পর্যন্ত** |
| **কলেজ ওয়েবসাইটে আপলোডের তারিখ:** | **২৭.০১.২০২১ থেকে ০৬.০২.২০২১ পর্যন্ত** |
| **"শিওরক্যাশ" এ টাকা জমাদানের Payment key word-mccmo** | |

বি:দ্র: ১. কলেজ ওয়েবসাইটে ফরম Submit করার পর কোনভাবেই আবেদন ফরম সংশোধন করা যাবে না।

২. আবেদন সংক্রান্ত যে কোন পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

**এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।**

অধ্যক্ষ ২৪/০১/২০২১
মুরারিচাঁদ কলেজ, সিলেট